সিএএফও/মশিবিম/মন্ত্রণালয়
সাধারন ডাইরী
নং ৮৩১ তাং ২৭/৪/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd

মুজিব বর্ষ

নং- ০৭.০৩.০০০০.০০৭.৩২.৪৬৮.২০- ২৪৮ তারিখ: ২৮-০৪-২০২৩ খ্রিঃ।

প্রাপকঃ

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা,ঢাকা-১০০০।

**বিষয়ঃ** মহিলা বিষয়ক অধিদপ্তরের **"জনসংখ্যা নিয়ন্ত্রণে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ"** ও **"খাদ্য নিরাপত্তাহীন দরিদ্র মহিলাদের উন্নয়ন"** প্রকল্পের রাজস্বভুক্তির তারিখ হতে টাইমস্কেল/সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণের মঞ্জুরীর পত্রটি বিভিন্ন জেলা উপজেলায় পৃষ্ঠাংকন প্রসঙ্গে।

সূত্রঃ- স্মারক নং -সিএএফও/মশিবিম/ ৫৪২/৫৯২ তারিখঃ ১৯/০৩/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২।। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত "জনসংখ্যা নিয়ন্ত্রণে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ শীর্ষক সমাপ্ত উন্নয়ন" এবং "খাদ্য নিরাপত্তাহীন দরিদ্র মহিলাদের উন্নয়ন শীর্ষক সমাপ্ত প্রকল্পের রাজস্বভুক্তির তারিখ হতে টাইমস্কেল/সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণের মঞ্জুরীর পত্রটি বিভিন্ন জেলা উপজেলায় পৃষ্ঠাংকনের বিষয়ে সূত্রস্থ পত্রের মাধ্যমে এ কার্যালয়ের সমম্মতির জন্য প্রেরণ করা হয়েছে।

আলোচ্য বিষয়ে অর্থ মন্ত্রনালয়ের বাস্তবায়ন অনুবিভাগের ১২/০৪/২০২২ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৩২.০০৫.২২.৫২ নং স্মারক, ০৬/১০/২০২২ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৩২.০২৩.২২-১০৮নং স্মারক, ২১/০৯/২০১৬ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬(অংশ-১)-২৩২ নং স্মারক এবং ২২/০৯/২০১১ খ্রি: তারিখের অম/অবি(বাস্ত-৪)/বিবিধ-২০/উ:স্কে:/২০০৭/(অংশ)/৭৪ নং স্মারকের নির্দেশনা পরিপালন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।

হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের সদয় অনুমোদন ক্রমে।

সংযুক্তি: বর্ণনামতে..০৪..পাতা।

নং- সিএএফও/মশিবিম/ ৫৪২/ তারিখ-
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে পৃষ্ঠাংকন করা হলো।

(মোঃ জাকির হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)
ফোনঃ ৮৩৯২৬১৩।

মুহাম্মদ ফয়সাল
অডিটর
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

এসএএস সুপারিনটেনডেন্ট
সিএএফও/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অডিট এন্ড একাউন্টস অফিসার
সিএএফও/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন (চতুর্থ তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-৩ অধিশাখা

নং- ০৭.০০.০০০০.১৬৩.৩২.০২৩.২২-১০৮

তারিখ: ২১ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তরের "খাদ্য নিরাপত্তাহীন দরিদ্র মহিলাদের উন্নয়ন" শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত জনবলের ১৫/১২/২০১৫ তারিখের পূর্বের বকেয়া টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের বিষয়ে মতামত প্রদান সংক্রান্ত।

সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৩২.০০.০০০০.০২৯.১৫.০৩০.১৮-৫৩২, তারিখ: ১৪/০৮/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ কর্তৃক মহিলা বিষয়ক অধিদপ্তরের "খাদ্য নিরাপত্তাহীন দরিদ্র মহিলাদের উন্নয়ন" শীর্ষক সমাপ্ত প্রকল্পের ৬৬৯টি পদ জনবলসহ ১/৭/২০০৪ খ্রি. হতে রাজস্বখাতে স্থানান্তরের প্রেক্ষিতে এবং বর্ণিত পদের পদধারীদের বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়/প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক যথানিয়মে পদায়ন ও নিয়মিতকরণের প্রেক্ষিতে অর্থ বিভাগের ১৫/১২/২০০৯ তারিখের অম/অবি(বাস্ত-৪)/বিবিধ-২০/(উঃস্কেল)-২০০৭/৯১নং স্মারকের (গ) অনুচ্ছেদের ব্যাখ্যা অনুযায়ী পদধারীদের শুধু রাজস্বখাতে স্থানান্তরের তারিখ হতে চাকুরীকাল গণনাপূর্বক পদায়নকৃত ও নিয়মিতকরণকৃত ৬১০ (ছয়শত দশ) জন কর্মচারীর প্রস্তাবিত সিলেকশন গ্রেড ও টাইমস্কেল (১৪/১২/২০১৫ পর্যন্ত) প্রাপ্যতার বিষয়ে নির্দেশক্রমে অর্থ বিভাগের নিম্নরূপ মতামত প্রদান করা হলো:

(ক) জাতীয় বেতনস্কেল, ২০০৫ এর অনুচ্ছেদ-৭ এর উপানুচ্ছেদ (৫), (৬) এবং জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ-৭ এর উপানুচ্ছেদ- (১), (২), (৫), (৭ ও ৮) ও (৯) এর বিধান সাপেক্ষে কর্মচারীদের সন্তোষজনক চাকুরী ও এতদসংক্রান্ত বিষয়ে প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে (১৪ ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত) ডিপিসির সুপারিশক্রমে সিলেকশন গ্রেড ও টাইমস্কেল প্রাপ্য হবেন;

(খ) জাতীয় বেতনস্কেল, ২০০৫ ও জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর বিধান অনুযায়ী ১০ম, ৯ম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মচারীদের যথাক্রমে ১/১/২০০৫ তারিখ হতে ৫০% এবং ১/৭/২০০৯ তারিখ হতে ১০০% সিলেকশন গ্রেড প্রদেয় হবে এবং

(গ) প্রকল্পের পদ রাজস্বখাতে স্থানান্তরের শর্তানুযায়ী **সংশ্লিষ্ট পদধারীদের মৃত্যু, অবসর, চাকরিচ্যুতি ও অন্য কোন কারণে পদ শূন্য হলে স্বয়ংক্রিয়ভাবে পদগুলো বিলুপ্ত হবে বিধায়** অর্থ বিভাগের ৯ জানুয়ারি, ২০১৮ তারিখের ০৭.১০৯.০২০.০৩.৩০.০১৫.২০১০-১৩ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ/প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত কর্মচারীদের 'চাকরির মেয়াদকালের জন্য' চাকুরীতে স্থায়ীকরণের আদেশ জারি করতে হবে।

(এস এম আবদুল্লাহ আল মামুন)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮৫৭৩৩

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-১ শাখা।

নং-০৭.০০.০০০০.১৬১.০০.০০২.১৬ (অংশ-১)-২৩২ তারিখঃ [illegible] ২০১৬ খ্রি:

# পরিপত্র

**বিষয়ঃ জাতীয় বেতনস্কেল, ২০১৫ স্পষ্টিকরণ।**

উপর্যুক্ত বিষয়ে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী অবসরোত্তর ছুটিভোগীদের বেতন নির্ধারণ, সন্তোষজনক চাকরি এবং স্বয়ংক্রিয়ভাবে উচ্চতর গ্রেড প্রাপ্তির বিষয় নিম্নরূপভাবে স্পষ্টীকরণ করা হইলঃ

**(ক) অবসরোত্তর ছুটিভোগীদের বেতন নির্ধারণ:**

অবসরোত্তর ছুটি (PRL) ভোগরত কর্মচারী অবসরোত্তর ছুটিকালীন সময়ে শুধু একটি বর্ধিত বেতন (Increment) পাইবেন, যাহা কেবলমাত্র তাঁহার পেনশন নির্ধারণের ক্ষেত্রেই প্রযোজ্য হইবে।

**(খ) সন্তোষজনক চাকরি এবং স্বয়ংক্রিয়ভাবে উচ্চতর গ্রেড প্রাপ্তি:**

**সন্তোষজনক চাকরির ব্যাখ্যা:** সন্তোষজনক চাকরি বুঝাইতে কর্মচারিদের পদোন্নতিসহ প্রযোজ্য ক্ষেত্রে যেইভাবে সন্তোষজনক চাকরি বিদ্যমান বিধিবিধান অনুসৃত হইয়া থাকে বিবেচ্য উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির ক্ষেত্রেও অনুরূপ বিধি-বিধানসহ প্রযোজ্য হইবে।

**স্বয়ংক্রিয় এর ব্যাখ্যা:** বিভাগীয় পদোন্নতি কমিটি (ডিপিসি) ব্যতিরেকে প্রযোজ্যক্ষেত্রে মন্ত্রণালয়ের সচিব/ নিয়োগকারী কর্তৃপক্ষ অথবা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা এর অনুমোদন গ্রহণপূর্বক অফিস আদেশ জারির মাধ্যমে উচ্চতর গ্রেড প্রদানের বিষয়টি নিস্পত্তি করিতে হইবে।

**(গ) উচ্চতর গ্রেডের প্রাপ্যতা:**

(১) একই পদে কর্মরত কোন কর্মচারী দুই বা ততোধিক উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) পাইয়া থাকিলে তিনি এই অনুচ্ছেদের অধীন উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন না।

(২) একই পদে কর্মরত কোন কর্মচারী একটিমাত্র উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) পাইয়া থাকিলে উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড পাইবার তারিখ হইতে পরবর্তী ৬(ছয়) বছর পূর্তির পর ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন।

(৩) একই পদে কর্মরত কর্মচারী কোন প্রকার উচ্চতর স্কেল (টাইমস্কেল)/সিলেকশন গ্রেড (যে নামেই অভিহিত হউক) না পাইয়া থাকিলে সন্তোষজনক চাকরির শর্তে তিনি ১০(দশ) বৎসর চাকরি পূর্তিতে ১১তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড এবং পরবর্তী ৬ বছরে পদোন্নতি না পাইলে ৭ম বছরে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন।

(৪) জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৭(১) ও ৭(২) এ প্রদত্ত সুবিধা কোন ক্রমেই ১৫/১২/২০১৫ তারিখের পূর্বে প্রদান করা যাইবে না।

(মোঃ সামীম আহসান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৫০৭৮১

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট হাউজ, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁহার আওতাভুক্ত সকল অফিসে ইহার অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হইল।

চলমান পাতা/০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-৩ অধিশাখা

নং- ০৭.০০.০০০০.১৬৩.৩২.০০৫.২২-৫২

তারিখ: ২৯ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'জনসংখ্যা নিয়ন্ত্রণে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ' শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত কর্মকর্তা ও কর্মচারীদের টাইম স্কেল ও সিলেকশন গ্রেড (২০১৫ সালের পূর্বের বকেয়া) প্রদান সংক্রান্ত।

সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২৪/১১/২০২১ তারিখের স্মারক নং- ৩২.০০.০০০০.০২৯.১৫.০৩০.১৮-৫৬৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'জনসংখ্যা নিয়ন্ত্রণে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ' শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ রাজস্বখাতে স্থানান্তরিত ৪২৯টি পদের মধ্যে শুধু রাজস্বখাতে স্থায়ীকৃত ৩৮৭টি পদের পদধারীদের (মৃত ও অবসরগ্রহণকারীসহ) জাতীয় বেতনস্কেল, ২০১৫ জারির পূর্বে প্রাপ্যতা সাপেক্ষে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের বিষয়ে নির্দেশক্রমে নিম্নরূপ মতামত প্রদান করা হলো:

**(ক)** 'জনসংখ্যা নিয়ন্ত্রণে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ' শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের পদ রাজস্বখাতে স্থানান্তরিত ৪২৯টি পদের মধ্যে শুধু স্থায়ীকৃত ৩৮৭টি পদের পদধারীদের রাজস্বখাতের পদে পদায়ন, নিয়মিতকরণ ও স্থায়ীকরণকৃত পদধারীদের শুধু রাজস্বখাতের চাকুরিকাল গণনাপূর্বক তাদের সন্তোষজনক চাকুরির রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়ের ডিপিসি কর্তৃক যাচাই-বাছাইয়ান্তে জাতীয় বেতনস্কেল, ২০০৫ এর অনুচ্ছেদ ৭ (১), ৭ (৫) ও ৭ (৬) এর বিধান এবং জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর অনুচ্ছেদ ৭(১), ৭(২) এবং ৭ (৭) ও ৭ (৯) এর বিধান অনুযায়ী প্রাপ্যতা সাপেক্ষে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ জারির তারিখের পূর্ব পর্যন্ত অর্থাৎ ১৪ ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত) সিলেকশন গ্রেড ও টাইমস্কেল প্রদান করা যাবে এবং

**(খ)** এক্ষেত্রে শর্ত থাকে যে, জাতীয় বেতনস্কেল, ২০০৫ এর শর্তানুযায়ী ১০ম গ্রেড ও ৯ম গ্রেডের কর্মচারীদের ক্ষেত্রে ১/১/২০০৫ তারিখ হতে ৫০% এবং জাতীয় বেতনস্কেল, ২০০৯ এর শর্তানুযায়ী ১/৭/২০০৯ তারিখ থেকে ১০০% কোটা অনুসরণপূর্বক সিলেকশন গ্রেড প্রদেয় হবে।

১২/৪/২২
(এস এম আবদুল্লাহ আল মামুন)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮৫৭৩৩

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**
অতিরিক্ত সচিব (প্রবারা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, (অতিরিক্ত সচিব (প্রবারা) মহোদয়ের সদয় অবগতির জন্য) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

প্রশাসন-২ অধিশাখা
প্রশাসনিক কর্মকর্তা
নথিতে উপস্থাপন করুন
সংরক্ষণ করুন
গার্ড ফাইলে সংরক্ষণ করুন
সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করুন
উপসচিব

ডায়েরী নং- ৩৬৪
তারিখঃ ১৭/৪/২২
মবিঅ-১
মবিঅ-২
প্রোগ্রামার
সহ:প্রোগ্রামার
পি ও/অন্যান্য
জরুরী-সভায় যোগদান করুন
অতিরিক্ত সচিব (কার্যক্রম)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৪০) মহিলা জনসংখ্যা কর্মসূচির নিয়ন্ত্রণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন শাখা-৪
www.mof.gov.bd

নং-অম/অবি(বাস্ত-৪)/বিবিধ-২০/উঃ স্কেঃ/২০০৭/(অংশ)/৭৪

তারিখ: ২২/০৯/২০১১ খ্রিঃ।

**বিষয়: উন্নয়ন প্রকল্প থেকে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের চাকরিকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.২১১.০১৫.০১.০০.০০৯.২০১০-৫৯ তাং ০৩/০২/২০১১ খ্রিঃ।
২) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.১২৩.০১৫.০০.০০.০২১.২০১১-২৬৪ তাং ২৮/০৭/২০১১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এসআরও হিসেবে জারিকৃত উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা-২০০৫ এর বিধি-৬ এ বর্ণিত আছে 'নিয়মিতকৃত কোন কর্মকর্তা বা কর্মচারীর উন্নয়ন প্রকল্পে চাকরিকাল তাহার বেতন, ছুটি, পেনশন ও আনুসাঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হইবে।' এ বিধিতে প্রকল্পের চাকরিকাল গণনা করে টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের বিষয়ে কিছু বলা হয়নি। এক্ষেত্রে উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে টাইমস্কেল এবং সিলেকশন গ্রেড প্রদানের অবকাশ নেই মর্মে অর্থ বিভাগ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে পূর্বে প্রদত্ত মতামত/ ব্যাখ্যা যথার্থ। (অর্থ বিভাগের সিদ্ধান্তের অনুলিপি সংযুক্ত)।

উল্লেখ্য যে, 'টাইম স্কেল' ও 'সিলেকশন গ্রেড' আর্থিক সুবিধা হলেও বেতন, ছুটি এবং পেনশন ও আনুসাঙ্গিক সুবিধাদি নির্ধারণের সাথে এর কোন সম্পর্ক নেই। কারণ 'টাইম স্কেল', 'সিলেকশন গ্রেড' প্রাপ্তির ক্ষেত্রে সুনির্দিষ্ট কতিপয় বিধি-বিধান/ পদ্ধতি অনুসরণীয়। সেক্ষেত্রে সংশ্লিষ্ট পদটি রাজস্বখাতের পদ হতে হয়। রাজস্বখাতে স্থানান্তরিত কর্মকর্তা/ কর্মচারীদের চাকরি রাজস্বখাতে নিয়মিতকরণের তারিখ থেকে নির্দিষ্ট সময়কাল গণনা করে চাকরির সন্তোষজনক রেকর্ড এবং এসএসবি/ডিপিসি-এর সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে 'টাইম স্কেল', 'সিলেকশন গ্রেড' প্রদান করা হয়। উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত কর্মরত কর্মচারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে বেতন, ছুটি, পেনশন ও আনুসাঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে প্রায়োগিক হলেও টাইমস্কেল ও সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে প্রকল্পের চাকরিকাল গণনাযোগ্য নহে।

এমতাবস্থায়, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত 'উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫' এর আওতায় উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত পদের পদধারীদের প্রকল্পের চাকরিকাল গণনা করে 'টাইমস্কেল' এবং 'সিলেকশন গ্রেড' প্রদানের অবকাশ নেই মর্মে অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত ইতোপূর্বেকার মতামত/ ব্যাখ্যা যথার্থ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের উক্ত বিধিমালার সাথে সাংঘর্ষিক কিংবা অসঙ্গতিপূর্ণ নয় মর্মে নির্দেশক্রমে পুনরায় জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

জিনাত আরা
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৭১৬১৪৩১

১। মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নং- সিএএফও/মশিবিম/৫৪২/ ৫৭২ তারিখঃ১৭/ ০৩ /২০২৩ খ্রিঃ

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
দৃঃআঃ-উপহিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)

বিষয়ঃ উন্নয়ন প্রকল্পের রাজস্বভুক্তির তারিখ হতে টাইমস্কেল/সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণের মঞ্জুরীর পত্রটি বিভিন্ন জেলা উপজেলায় পৃষ্ঠাংকন প্রসঙ্গে।

সূত্র নং- ১। মহিলা বিষয়ক অধিদপ্তরের স্মারক নং-৩২.০১.০০০০.০০১.১৫.১৩৯.২২-৯৫১, তারিখঃ০২/০১/২০২৩
২। মহিলা বিষয়ক অধিদপ্তরের স্মারক নং-৩২.০১.০০০০.০০১.১৮.৬১০.১৮-১০৯৭, তারিখঃ১৬/০২/২০২৩
৩। হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০০৯.৫০.১৩৩.১৪.৪২০ তারিখঃ২০/১১/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রত্রয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বর্ণিত ১ নং স্মারকে মহিলা বিষয়ক অধিদপ্তরের "জনসংখ্যা নিয়ন্ত্রণে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম শক্তিশালীকরণ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের ৩য় শ্রেণীর ১৮১ জন ও সরাসরি রাজস্বখাতে নিয়োগপ্রাপ্ত ০৪ জন মোট ১৮৫ জন এবং ৪র্থ শ্রেণীর ১৪৪ জন কর্মচারীকে রাজস্বখাতে ০১/০৭/১৯৯৯ খ্রিঃ হতে চাকুরিকাল গণনাপূর্বক টাইমস্কেল ও সিলেকশন গ্রেড (২০১৫ সালের পূর্বের বকেয়া) মঞ্জুরী সংক্রান্ত পত্রটি বিভিন্ন জেলা উপজেলায় পৃষ্ঠাংকনের জন্য অনুরোধ করা হয়েছে।
এবং বর্ণিত ২নং স্মারকে মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্বখাতে স্থানান্তরিত "খাদ্য নিরাপত্তাহীন দরিদ্র মহিলাদের উন্নয়ন" শীর্ষক সমাপ্ত প্রকল্পের ১৩৪ জন হিসাব রক্ষক কাম ক্রেডিট সুপারভাইজারকে রাজস্বখাতে ০১/০৭/২০০৪খ্রিঃ হতে চাকুরীকাল গণনাপূর্বক ২০১৫ সালের পূর্বের বকেয়া টাইমস্কেল প্রদান এবং জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ৭(১) ও ৭(২) অনুচ্ছেদ অনুযায়ী টাইমস্কেল প্রদানের তারিখ হইতে পরবর্তী ৬ (ছয়) বছর পূর্তির পর ৭ম বছরে ১টি উচ্চতর গ্রেড মঞ্জুরী সংক্রান্ত পত্রটি বিভিন্ন জেলা উপজেলায় পৃষ্ঠাংকনের অনুরোধ জানানো হয়েছে।

এ কার্যালয়ের মতামতঃ
অর্থমন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/বাস্ত-৪/বিবিধ২০/ উঃস্কেল/২০০৭/৯১ তারিখঃ১৫/১২/২০০৯খ্রিঃ অর্থমন্ত্রণালয়ের বাস্তববায়ন অনুবিভাগের স্মারক নং- ০৭.০০.০০০০.১৬৩.৩২.০০৫.২২-৫২, তারিখ-১২/০৪/২২ খ্রিঃ এবং অর্থবিভাগের বাস্তবায়ন অনুবিভাগের স্মারক নং- ০৭.০০.০০০০.১৬৩.৩২.০২৩.২২-১০৮ তারিখঃ০৬/১০/২২ খ্রিঃ এর সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্রাদির ভিত্তিতে এ কার্যালয় মনে করে প্রকল্পটি রাজস্বভুক্তির তারিখ হতে কর্মচারীদের টাইমস্কেল/সিলেকশন গ্রেডে বেতন নির্ধারণ করা যেতে পারে।

সূত্রোস্থ ৩ নং স্মারকের নির্দেশনা মোতাবেক বেতন নির্ধারণ ও পৃষ্ঠাংকনের জন্য হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের সম্মতি প্রয়োজন। এ ব্যাপারে সদয় সিদ্ধান্তের/সম্মতির জন্য প্রয়োজনীয় কাগজপত্র সহ প্রেরণ করা হলো।

19.03.2023

(হাসিনা বানু)
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
সিএএফও/মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ফোনঃ ৪৮৩১৯৭১৮।

সংযুক্তিঃ বর্ণনামতে

হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় রেকর্ড শাখা বাংলাদেশ, ঢাকা ২০/০৩/